যুগান্তর

তারিখ 26 APR 2017
পৃষ্ঠা 2 কলাম 9

বেসরকারি প্রাথমিক স্কুল

# সরকারি হয়নি ২৪ হাজার শিক্ষকের চাকরি

যুগান্তর রিপোর্ট

বেসরকারি আরও ৬ হাজার প্রাথমিক বিদ্যালয় জাতীয়করণের দাবি জানিয়েছেন শিক্ষকরা। তারা বলেন, প্রাথমিকের ২৪ হাজার শিক্ষকের চাকরি সরকারি হয়নি। ফলে তারা মানবেতর জীবন-যাপন করছেন। মঙ্গলবার জাতীয় প্রেস ক্লাবে এক সংবাদ সম্মেলনে বেসরকারি প্রাথমিক বিদ্যালয় শিক্ষক সমিতির নেতারা এ দাবি তুলে ধরেন। এ সময় তারা বলেন, ২০১৩ সালে প্রধানমন্ত্রীর ঘোষণার পর বিভিন্ন সময় সরকারি হওয়ার পরও ওইসংখ্যক স্কুল সরকারি হওয়া বাকি আছে। জাতীয়করণের শর্ত অনুযায়ী সর্বশেষ ২০১২ সালের প্রাথমিক শিক্ষা সমাপনী পরীক্ষায় অংশ নেয়া স্কুলগুলো সরকারি হবে। ওই স্কুলগুলো এ শর্তপূরণ করেছে। উপজেলা ও জেলা যাচাই-বাছাই কমিটি সুপারিশও করেছে এসব স্কুলের ব্যাপারে।

ব্যানবেইস
পরিচালকের কার্যালয়
প্রাপ্তি নং.................................
তারিখ.................................

| | |
|---|---|
| চীফ, পরিসংখ্যান বিভাগ | |
| চীফ, ডি.এল.পি বিভাগ | |
| সিস্টেম এনালিস্ট | |
| সিস্টেম ম্যানেজার | |
| প্রশাসনিক কর্মকর্তা | |
| পি.এ. | |

কার্যার্থে/জ্ঞাতার্থে
২৬/৪
স্বাক্ষর